শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-১
www.tmed.gov.bd

নং ৫৭.০০.০০০০.০৫১.১১.০০৪.১৭-০৭

তারিখ: ১৮ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২১.১১.২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়). ১১.২২০০.১৭-৪০৩ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক ইনস্টিটিউটের শূন্যপদে নিম্নবর্ণিত প্রার্থীকে তার নামের পাশে বর্ণিত পদ ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নির্ধারিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ করা হলো:

| ক্রমিক | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী |
|---|---|---|---|---|
| ১। | জনাব রাবেয়া খাতুন<br>পিতা- মো: আবুল কাশেম<br>মাতা- নার্গিস আক্তার | বাড়ি-এম/কিউ-০২, ব্যাংক কলোনী, গ্রাম: কলাবাগান, ৫নং ওয়ার্ড, ১ নং চন্দ্রঘোনা ইউপি<br>ডাকঘর: চন্দ্রঘোনা-৪৫৩১<br>উপজেলা: কাপ্তাই,<br>জেলা: রাঙ্গামাটি পার্বত্য জেলা। | জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক/সিভিল) | টাকা ১৬,০০০-৩৮৬৪০/-<br>(১০ম গ্রেড) |

শর্তাবলী:

(ক) নিয়োগপ্রাপ্ত শিক্ষককে সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নির্ধারিত মেয়াদে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে ;

(খ) নিয়োগপ্রাপ্ত শিক্ষককে ০২ (দুই) বছরকাল শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি কর্তৃপক্ষের বিবেচনায় চাকরিতে বহাল থাকার অনুপযোগী বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) নিয়োগপ্রাপ্ত শিক্ষককে চাকরিতে যোগদানকালে একজন উপযুক্ত জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। তাছাড়া বন্ডে নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না কিংবা দিবেন না মর্মে উল্লেখ করতে হবে ;

(ঙ) সরকারের পাওনা পরিশোধ ব্যতিরেকে চাকরিতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে সমুদয় পাওনা আদায়যোগ্য হবে এবং সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার চাকরির জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি সরকারের অনুমোদন ব্যতিরেকে কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঝ) উল্লিখিত শর্তাবলি বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে;

(ঞ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ, ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

০২। বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে ১৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর তাকে যোগদান করতে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে অসমর্থ/ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবেন। এ ক্ষেত্রে তার নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

02/02/2020

মো: আবদুর রহমান
উপসচিব
ফোনঃ ৯৫৮৪৬৬৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন,ঢাকা।
৮। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১১। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১২। জনাব রাবেয়া খাতুন, বাড়ি-এম/কিউ-০২, ব্যাংক কলোনী, গ্রাম: কলাবাগান, ৫নং ওয়ার্ড, ১ নং চন্দ্রঘোনা ইউপি, ডাকঘর: চন্দ্রঘোনা-৪৫৩১, উপজেলা: কাপ্তাই, জেলা: রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৩। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd
ই-মেইলঃ techedu09@gmail.com

স্মারক নং: ৩৭.০৩.০০০০.০১১.১১.০৪৯(পার্ট-১).২০১৯-৪২০ তারিখঃ ১২/০১/২০২০ খ্রিঃ।

সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫১.১১.০০৪.১৭-০৭, তারিখঃ ০২/০১/২০২০ খ্রিঃ মোতাবেক প্রজ্ঞাপনের ছায়ালিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলোঃ

১। অধ্যক্ষ, ---------------------------------------- পলিটেকনিক ইনষ্টিটিউট।
২। উপসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, কারিগরি শাখা-১, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা ।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। জনাব ----------------------------------------------------------------পলিটেকনিক ইনষ্টিটিউট।
৬। সংরক্ষণ নথি।

২২/০১/২০২০

(মোঃ জাহেদুল কবির খান)
সহকারী পরিচালক-২